

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইন অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০১ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/১৬ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩১৯-আইন/২০২০।—Fish and Fish Products (Inspection and Quality Control) Ordinance, 1983 (Ordinance No. XX of 1983) এর section 15, section 3 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ২ এর দফা (ল) এর প্রাপ্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফাসমূহ সংযোজিত হইবে, যথা:—

“(শ) “আরএনএ (RNA)” অর্থ রাইবোনিউক্লিক এসিড, যাহা সকল প্রাণিকোষে নিউক্লিক এসিড হিসাবে বিদ্যমান থাকে;

(ষ) “গবাদিপশু (Bovine)” অর্থে গরু বা মহিষ ইহার অন্তর্ভুক্ত হইবে;

(স) “জাবর কাটা প্রাণি (Ruminant)” অর্থ বিশেষায়িত পাকস্থলিধারী স্তন্যপায়ী পশু যাহা মূলত অনুজীবীয় ক্রিয়াকলাপের মাধ্যমে হজম প্রক্রিয়ায় উদ্ভিজ্জ খাদ্য হইতে পুষ্টি আহরণ করিতে সক্ষম;

(১২৩১১)

মূল্য : টাকা ৪.০০

- (হ) “ডিএনএ (DNA)” অর্থ ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড, যাহা জিনগত তথ্যের বাহক এবং যাহা একটি স্বপ্রতিরূপ ক্রোমোজমের প্রধান উপাদান হিসাবে সকল প্রাণির মধ্যে বিদ্যমান থাকে;
- (ড়) “শূকর (Porcine)” অর্থ শূকর জাতীয় চতুষ্পদ প্রাণি উহা যে কোনো প্রজাতিরই হউক না কেন।”;
- ২। বিধি ১৮ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর টেবিলের ক্রমিক নং (১৫) এর পর নিম্নরূপ ক্রমিক নং (১৬) সংযোজিত হইবে, যথা:—

(১৬)	Polymerase Chain Reaction (PCR) পদ্ধতিতে মৎস্য খাদ্য ও উক্ত খাদ্যের উপকরণে Porcine বা Bovine বা Ruminant বা অন্যকোন পশু বা অনুজীবের DNA/RNA সনাক্তকরণ (প্রতিটি পৃথক পরীক্ষার জন্য নমুনা প্রতি)।	8,০০০/-	”।
------	--	---------	----

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: হামিদুর রহমান
যুগ্মসচিব।